

স্মারক নং: ০৩.৮০৬.০০২.০০.০০.০২৬.২০১৬- ২২০৯

তারিখঃ

২৩ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ

০৭ আগস্ট ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়: ই-মিউটেশন ও রেকর্ড ডিজিটাইজেশন ত্বরান্বিতকরণ।

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এবং বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহের অংশিদারত্বে বিভিন্ন নাগরিকবান্ধব উদ্যোগ গ্রহণ করেছে।

২। ০৫ এপ্রিল ২০১৫ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত ভূমিসংক্রান্ত সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রিপরিষদ বিভাগের নেতৃত্বে ভূমিসংক্রান্ত সেবাসমূহ সমন্বিতভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে ভূমি তথ্য ও সেবা কাঠামো কাজ শুরু করে যাতে এটুআই সাচিবিক সহায়তা প্রদান করে। উক্ত কমিটি সাতটি আন্তঃমন্ত্রণালয় সভার মাধ্যমে ৪৭ দফা সুপারিশ প্রণয়ন করে যার ধারাবাহিকতায় ইতোমধ্যে দুটি প্রমিতমান প্রণয়ন করা হয়েছে যা ৩০/০৪/২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে জারি করা হয়েছে।

৩। ভূমি সংক্রান্ত বিভিন্ন সেবাকে ডিজিটাইজড করার লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ০২/১১/২০১৬ তারিখে ভূমি সংস্কার বোর্ডের সঙ্গে এবং ১৮/০৬/২০১৫ তারিখে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সঙ্গে এটুআই-এর সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। উক্ত সমঝোতা স্মারকের আলোকে এটুআই ভূমি সংস্কার বোর্ডকে ই-মিউটেশন ও LIMS-এ অন্তর্ভুক্ত অন্যান্য ভূমিসেবার ডিজিটাইজেশন এবং ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরকে আর এস খতিয়ান ডিজিটাইজেশনের লক্ষ্যে কারিগরি এবং প্রশিক্ষণ সহায়তা প্রদান করে আসছে।

৪। এটুআই-এর সহযোগিতায় ভূমি সংস্কার বোর্ড এ পর্যন্ত ৫৩ টি উপজেলায় ই-মিউটেশন বাস্তবায়ন করেছে এবং এ বছরের মধ্যে আরও ৫৯ টি উপজেলায় বাস্তবায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এছাড়া ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এ পর্যন্ত ৫৯,০০,০০০ (ঊনষাট লক্ষ) খতিয়ানের ডিজিটাইজেশন সম্পন্ন করেছে এবং অবশিষ্ট খতিয়ানসমূহ ডিজিটাইজেশনের কার্যক্রম চলমান আছে।

৫। ২৫ জুলাই ২০১৭ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মেলন কক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদ মহোদয়ের সঙ্গে চলমান উদ্যোগসমূহের অগ্রগতি বিষয়ে এটুআইয়ের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব জনাব ড. কামাল আবদুল নাসের চৌধুরী উপস্থিত ছিলেন। সভায় মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা ভূমিসেবা বিষয়ে নিম্নরূপ সদয় নির্দেশনা প্রদান করেছেন:

(ক) জুন ২০১৮-এর মধ্যে সারাদেশে ই-মিউটেশন বাস্তবায়ন করতে হবে এবং

(খ) জুন ২০১৮-এর মধ্যে সর্বশেষ জরিপের সকল খতিয়ান ডিজিটাইজেশনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৬। মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টার উল্লিখিত ভূমি-সেবাসংক্রান্ত সদয় নির্দেশনা মোতাবেক এটুআই নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করেছে। এ বিষয়ে মহোদয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহকে বর্ণিত কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা দেওয়ার সদয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সচিব
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(কবির বিন আনোয়ার)
মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও
প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম
ই-মেইল: kabirbinanwar@pmo.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, বিআইডব্লিউটিএ ভবন (২য় তলা), ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ০৩। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ০৪। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সরকারি ২য় বার তলা ভবন এর ৮ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।